

২০২৪

চতুর্থ সেমেস্টার  
বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাতলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উভয় যথাসন্তুষ্ট নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) গৌরচন্দ্রিকা বলতে কী বোঝে? গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের পার্থক্য নির্দেশ করে বুঝিয়ে দাও কেন সকল গৌরচন্দ্রিকা গৌরাঙ্গ বিষয়ক পদ হলেও সব গৌরাঙ্গ বিষয়ক পদই গৌরচন্দ্রিকা নয়। ২+৮

অথবা,

- (খ) “কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।”

— উদ্ধৃতিটি কেন পর্যায়ের পদ? পদকর্তা কে? এই পর্যায়ের বিশেষত্ব কীভাবে পদটির মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অনুসরণে বোঝাও। ১+১+৮

- ২। (ক) “দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই তাঁর স্বভাবধর্ম।” — কবিকঙ্কণ চন্ত্রীর পাঠ্য অংশ মনে রেখে মন্তব্যটির তাংপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) ভাঁড়ু দন্ত চরিত্র সৃজনে কবিকঙ্কণ মুকুন্দের বিশেষত্ব কতখানি আলোচনা করে দেখাও। ১০

- ৩। (ক) শাক্তপদাবলীর ‘ভক্তের আকৃতি’ পর্যায়ে কবিরা নিজেদের নানাবিধি দুঃখকষ্টের কথা বললেও শেষ পর্যায়ে তাঁদের ভক্তি, মুক্তি কামনা ও দেবীর উপর একান্ত নির্ভরতাই প্রাধান্য পেয়েছে। — পাঠ্যপদগুলি অনুসরণে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

১০

অথবা,

- (খ) তোমাদের পাঠ্যপদগুলি অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার পরিচয় দাও। ১০

- ৪। (ক) “কর-কঙ্গ-পণ ফণিমুখ-বদ্ধন

শিখই ভুজগ-গুরু-পাশে ॥”

— কবি কে? কোন পর্যায়ের পদ? অংশটুকুর মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

অর্থবা.

- (খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার  
তিলে তিলে আইসে যায়।”  
— উদ্বৃত্ত অংশের পদকর্তা কে? এটি কোন রসপর্যায়ের অঙ্গরূপ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৫। (ক) “আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান” — বক্তা কে? কোন প্রসঙ্গে সে কাকে একথা বলেছে? একথা বলার উদ্দেশ্য কী ছিল?

অর্থবাহি

- (খ) “আস্যগো আমার পুর সন্তাপ করিব দূর  
কানে দিব কলক-কুণ্ডল ॥”  
— কোন অংশ থেকে নেওয়া? বঙ্গার বঙ্গবের তাৎপর্য পরিষ্কৃত করো।

৬। (ক) “কামিনী করিল বিধি তেই হে তোমারে সাধি,  
নারীর জন্ম কেবল যত্নণা সহিতে ॥”  
— কৰি ও পর্যায়ের নাম উল্লেখ করো। কে, কার কাছে কেন এই খেদ প্রকাশ করেছেন?  
১+১+১+১+১

অর্থবা.

- (খ) “আমি কি দুখেরে ভৱাই?” — কেন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাঁর বক্তব্যের পিছনে মনস্তত্ত্বটি বুঝিয়ে দাও।

୭। ସେ-କୋନୋ ଏକଟି ବିଷୟେ ସଂକ୍ଷେପେ ଆଲୋଚନା କରୋ।

- (ক) ‘অভিসার’ পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য  
(খ) ‘কালকেতুর ভোজন’ অবলম্বনে কবিকঙ্কণের কৌতুকরস  
(গ) ‘আগমনী ও বিজয়া’ পর্যায়ের পদগুলির মলরস।

## ৮। সংক্ষেপে পর্ণবাক্যে উত্তর দাও।

- |     |  |   |
|-----|--|---|
| (ক) | গোবিন্দদাসকে ‘কবিরাজ’ উপাধিতে কে ভূষিত করেন?                   | ১ |
| (খ) | “অভিনব হেম কল্পতরু সঞ্চকু” — এখানে ‘হেম’ শব্দটির অর্থ কী?      | ১ |
| (গ) | “সখি কি পুছসি অনুভব মোয়।” — কোন পর্যায়ের পদ?                 | ১ |
| (ঘ) | “বহুদিন পরে বঁধুয়া এলে” — উদ্ধৃতিটির পদকর্তা কে?              | ১ |
| (ঙ) | “তাতল সৈকত বারিবিন্দুসম” — এখানে ‘তাতল’ শব্দটির অর্থ লেখো।     | ১ |
| (চ) | “অঙ্কুর তপন তাপে যদি জারব” — শীর্ষক পদটির পদকর্তার নাম লেখো।   | ১ |
| (ছ) | “আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজগুণে” — কে, কাকে এমন কথা বলেছে? | ১ |

( 3 )

B(4th Sm.)-Bengali-H/CC-8/CBGS

- (জ) কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর “চণ্ণীমঙ্গল” কাব্যের ‘আঘাপরিচয়’ অংশে মানসিংহকে কী নামে চিহ্নিত করেছেন? ১
- (ঝ) “চারি পুত্র মৈল মোর মৈল চারি বি।/মাণ্ড মৈল বুড়াকালে জীয়া কাজ কি।।”— এই বক্তব্যটি কার? ১
- (ঞ্চ) “নাহি শুনে প্রজার গোহারি”— এখানে ‘গোহারি’ শব্দটির অর্থ কী? ১
- (ট) কবি মুকুন্দ চক্রবর্তীর জন্মস্থান কোথায়? ১
- (ঠ) “মা, নিম খাওয়ালে চিনি বলে, কথায় করে ছলো।”— উদ্ধৃতিটি কোন পর্যায়ের? ১
- (ড) “এবার মায়ে ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানব না”— এখানে ‘মা’ এবং ‘বি’ কারা? ১/২+১/২
- (ঢ) “ওহে হর গদ্দাধর, কর অঙ্গীকার।”— ‘হর’-এর কাছে কে অঙ্গীকার চেয়েছে? ১
- (ণ) “ওরে নবমী-নিশি, না হইও রে অবসান”— শীর্ষক পদটিতে নবমী নিশিকে মেনকা কী নামে চিহ্নিত করেছেন। ১